



বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশন

রিজিওনাল অফিস

চৌধুরী প্লাজা, ২য় তলা, পুলিশ লাইন, কুমিল্লা। ফোন- ০৮১-৭৬০৩৪

ক্রয়কৃত বাড়ি বিক্রয়ের টেন্ডার বিজ্ঞপ্তি

বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশন কর্তৃক ইতঃপূর্বে ক্রয়কৃত নিম্ন তফসিলে উল্লিখিত ১ (এক) টি পাকা বাড়ি (সম্পত্তি সহ) যেখানে যে অবস্থায় আছে সিডিউলে বর্ণিত শর্তাবলীতে বিক্রয় হবে। যে কোন আগ্রহী ক্রেতা তফসিলভুক্ত বাড়িটি ক্রয়ের জন্য একক ক্রেতা হিসাবে টেন্ডার দাখিল করতে পারবেন। টেন্ডার দাখিলের সময় টেন্ডারদাতাকে কর্পোরেশনের নামে ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মাধ্যমে উদ্ধৃত মূল্যের ৫% আর্নেস্টম্যানি হিসাবে জমা করতে হবে।

এককালীন পরিশোধকারীদের ক্ষেত্রে টেন্ডার গ্রহণের ৩০ (ত্রিশ) দিনের মধ্যে উদ্ধৃত মূল্যের সমুদয় টাকা (৫% আর্নেস্টম্যানিসহ) পরিশোধ করতে হবে। কিস্তিতে পরিশোধকারীর ক্ষেত্রে টেন্ডার মূল্যের কমপক্ষে ৫০% টাকা (৫% আর্নেস্টম্যানিসহ) টেন্ডার গ্রহণের ৩০ (ত্রিশ) দিনের মধ্যে এককালীন এবং অবশিষ্ট ৫০% টাকা ১০% হার সুদে (পরবর্তীতে সরকার/কর্পোরেশন কর্তৃক সুদের হার পরিবর্তন করা হলে পরিবর্তিত সুদের হারে) মাসিক কিস্তিতে সর্বোচ্চ ১৫ (পনের) বছর/কম সময়ের মেয়াদে পরিশোধ করা যাবে। এককালীন বা কিস্তিতে ক্রয়ে আগ্রহী ক্রেতাগণের মধ্যে সর্বোচ্চ দরদাতা অগ্রাধিকার পাবেন। এককালীন মূল্য পরিশোধকারীকে ক্রয় মূল্যের উপর ৫% ইনসেন্টিভ দেয়া হবে।

সফল/উপযুক্ত দরদাতাকে রেজিস্ট্রেশনের যাবতীয় খরচ বহন সহ সংশ্লিষ্ট বাড়ীর বিপরীতে যাবতীয় কর এবং সরকারী পাওনা (যদি থাকে) পরিশোধ করতে হবে। উল্লেখ্য, টেন্ডার মূল্যের উপর প্রযোজ্য হারে ভ্যাট, উৎসে করসহ সরকার নির্ধারিত অন্যান্য সকল আয়কর সরকারি খাতে ক্রেতাকে জমা দিতে হবে এবং যথাক্রমে ক্রেতাকে নিজ খরচে বাড়ি কর্পোরেশন হতে রেজিস্ট্রি করে নিতে হবে। টেন্ডারে বিক্রিতব্য বাড়ির হস্তান্তর বাবদ যাবতীয় ব্যয় (যথাঃ খাজনা, গেইন ট্যাক্স, স্ট্যাম্প খরচ, উৎসে কর, রেজিস্ট্রেশন ফি এবং বিদ্যুৎ, গ্যাস, পানির বকেয়া বিল ইত্যাদি) যা-ই থাকুক না কেন ক্রেতা নিজ দায়িত্বে তা পরিশোধ করবেন মর্মে উপযুক্ত মূল্য মানের নন-জুডিসিয়াল স্ট্যাম্প পেপারে একটি অঙ্গীকারনামা প্রদান করবেন।

আগামী ১৮/০৪/২০১৭ খ্রিঃ তারিখ বেলা ১২.৩০ ঘটিকা পর্যন্ত কর্পোরেশনের রিজিওনাল অফিস, চৌধুরী প্লাজা, ২য় তলা, পুলিশ লাইন, কুমিল্লা অথবা জোনাল অফিস ১/ডি আগ্রাবাদ বাণিজ্যিক এলাকা, চট্টগ্রাম অথবা জেলা প্রশাসকের কার্যালয়, কুমিল্লা অথবা কর্পোরেশনের সদর দফতর, আদায় বিভাগ, বিএইচবিএফসি ভবন (৪র্থ তলা), ২২, পুরানা পল্টন, ঢাকা-১০০০ অফিসে টেন্ডার দাখিল করা যাবে এবং ঐদিন বেলা ১২.৪০ ঘটিকায় যুগপৎভাবে টেন্ডার খোলা হবে। টেন্ডারদাতা/প্রতিনিধি (টেন্ডার দাতার লিখিত অনুমোদন সহকারে) ইচ্ছা করলে যে অফিসে টেন্ডার জমা দিবেন সে অফিসে টেন্ডার খোলার সময় উপস্থিত থাকতে পারবেন। কর্পোরেশন কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন টেন্ডার গ্রহণ কিংবা যে কোন বা সকল টেন্ডার বাতিল করার ক্ষমতা/অধিকার সংরক্ষণ করেন।

আগ্রহী ক্রেতাগণ টেন্ডার দাখিলের নির্ধারিত তারিখের পূর্বকার্য দিবস অর্থাৎ ১৭/০৪/২০১৭ খ্রিঃ তারিখ অফিস চলাকালীন সময় পর্যন্ত ২০০/- (দুইশত) টাকার বিনিময়ে (অফেরতযোগ্য) কর্পোরেশনের রিজিওনাল অফিস, চৌধুরী প্লাজা, ২য় তলা, পুলিশ লাইন, কুমিল্লা অথবা জোনাল অফিস, ১/ডি আগ্রাবাদ বাণিজ্যিক এলাকা, চট্টগ্রাম অথবা সদর দফতর, আদায় বিভাগ, বিএইচবিএফসি ভবন (৪র্থ তলা), ২২, পুরানা পল্টন, ঢাকা-১০০০ অফিস হতে সিডিউল ক্রয় করতে পারবেন। কর্পোরেশনের স্থানীয় অফিসের নোটিশ বোর্ডেও সংশ্লিষ্ট খরিদাবাড়ির বিষয়ে সিডিউলের তথ্যাদি জানা যাবে।

বিক্রিতব্য বাড়ীর বিস্তারিত বিবরণ ও তফসিলঃ

ক্রমিক নং	খণ কেস নম্বর	জমির অবস্থান, বিবরণ ও তফসিল	বিক্রিতব্য বাড়ীর বিবরণ	বাড়ীর অবস্থান/ঠিকানা
১।	কম-২৫৬ (মাল্টি) (১ম টেন্ডার)	জেলা-কুমিল্লা, থানা- নাঙ্গলকোট, মৌজা- গোত্রশাল, সি.এস খতিয়ান নং-২৭, সি.এস দাগ নং-১৫২ আর.এস খতিয়ান নং-৪৮ আর.এস দাগ নং-১৫২, খারিজ খতিয়ান নং-৯২, জমির পরিমাণ : ৩.৬৭ শতক, যাহার চৌহদ্দী : উত্তরে-আব্দুল মান্নান, দক্ষিণে- আব্দুল হক, পূর্বে-আবুল হাসেম মজুমদার, পশ্চিমে -নিজ ও রাস্তা। সহজে পরিচিতিমূলক স্থাপনা/প্রতিষ্ঠান-নাঙ্গলকোট থানা (থানার পূর্বপাশে)।	বাড়ীর মোট আয়তন-২০০০ বর্গফুট, ইউনিট সংখ্যা-০২টি, তলার সংখ্যা-০২টি প্রতি ইউনিটে মোট রুম সংখ্যা-০৪ টি (বেড রুম-০২টি, ড্রইং রুম-০১টি, ডাইনিং রুম ০১টি) কিচেন, বারান্দা-০১টি করে, বাথরুম-০২টি এবং আয়তন-১০০০ বর্গফুট।	নাঙ্গলকোট থানা সরকারী খাদ্য গুদামের দক্ষিণ পশ্চিম কোণে পুরাতন হাসপাতালের পূর্বপাশে।

(জাফর আহমেদ)
রিজিওনাল ম্যানেজার